রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
প্রধান কার্যালয়, রাজশাহী।
ঋণ ও অগ্রিম বিভাগ-১

পরিপত্র নং -০৫ /২০০৮ তারিখ ঃ ৩১-০৭-২০০৮ ইং

বিষয়ঃ হাইব্রীড নার্সারীতে চলতি মুলধন অর্থায়নে নীতিমালা ও ক্রেডিট নর্ম।

বনজ ও ফলজ চারা উৎপাদনে নার্সারীর গুরুত্ব অপরিসীম। এই গুরুত্বকে সামনে রেখে দেশে বিভিন্নভাবে নার্সারী প্রতিষ্ঠা লাভ করেছে। সময়ের ব্যবধানে নার্সারীতে লাগসই প্রযুক্তি ব্যবহার করে সনাতন বেড পদ্ধতির পরিবর্তে এখন হাইব্রীড চারা উৎপাদন অধিকতর গুরুত্ব লাভ করেছে। রাজশাহী বিভাগের বিভিন্ন অঞ্চলে হাইব্রীড আম ও কূলের চাষ বাণিজ্যিকভাবে শুরু হলেও হাইব্রীড চারা উৎপাদন এখনও প্রসার লাভ করেনি। হাইব্রীড চারা উৎপাদনে ব্যয় সনাতনী পদ্ধতির নার্সারীর চেয়ে অনেক বেশী। সনাতন পদ্ধতির নার্সারীর ক্রেডিট নর্ম থাকলেও হাইব্রীড পদ্ধতির নার্সারী স্থাপনের জন্য ক্রেডিট নর্ম না থাকায় এ খাতে ঋণ প্রদান করা যাচ্ছে না। বিষয়টি বিবেচনায় নিয়ে হাইব্রীড আম ও কূলের নার্সারীর জন্য পৃথক পৃথক দুইটি ক্রেডিট নর্ম নির্ধারণ বিষয়ে একটি প্রস্তাব ১০-০৭-২০০৮ ইং তারিখে অনুষ্ঠিত পরিচালক পর্ষদের ৩২০তম সভায় উপস্থাপন করা হয়। পর্ষদের অনুমোদন অনুসারে আম ও কুল এর হাইব্রীড নার্সারীর একটি ঋণ নীতিমালা, নিয়মাচার এবং ক্রেডিট নর্ম নিম্নোক্তভাবে নির্ধারণ করা হলো ঃ-

(ক) ঋণ নীতিমালা ও নিয়মাচার ঃ

(১) ঋণ প্রাপ্তির যোগ্যতাঃ
ব্যাংকের স্বাভাবিক নীতিমালা ব্যতীত নার্সারী স্থাপনে পূর্ব অভিজ্ঞতা আছে এ ধরণের ব্যক্তিকে ঋণ সুবিধা দেয়া যাবে।

(২) ঋণের উদ্দেশ্যঃ
আম্রপালী, মল্লিকা, ভাসতারা, চোষা, সিডলেস ইত্যাদি প্রজাতির আম, বাউকুল, আপেলকুল, নারিকেলী কুল ইত্যাদি জাতীয় গাছের হাইব্রীড চারা উৎপাদনের জন্য নার্সারী স্থাপন।

(৩) ঋণের প্রকারঃ
এ ঋণ হাইব্রীড নার্সারী পরিচালনের ব্যয়ভার নির্বাহের জন্য চলতি মুলধন ঋণ হিসাবে প্রদান করা হবে। এ ঋণের আবেদন গ্রহণ, প্রক্রিয়াকরণ, মঞ্জুরী, বিতরণ ও হিসাবায়নসহ সকল বিষয়াদি চলতি মুলধন ঋণের অনুরূপ হবে।

(৪) ঋণ আবেদন ফর্ম ও ফিঃ
বর্তমানে প্রচলিত চলতি পুজি ঋণের আবেদন ফরমে আবেদন করতে হবে। ঋণ মঞ্জুরীর ধাপ অনুযায়ী প্রয়োজনীয় সংখ্যক ফরম ব্যবহার করতে হবে। এ ঋণের ক্ষেত্রে চলতি মূলধন ঋণের বেলায় বিদ্যমান নিয়মে আবেদন ফি ও অন্যান্য ফি প্রযোজ্য হবে।

(৫) ঋণসীমাঃ
আম্রপালী, মল্লিকা, ভাসতারাসহ সকল আমের হাইব্রীড ও উন্নত জাতের নার্সারী- ঋণের জন্য প্রাক্কলন পরিশিষ্ট-'ক' ও সকল প্রজাতির কূল- চাষের ঋণের জন্য প্রাক্কলন পরিশিষ্ট-'খ' অনুযায়ী ঋণসীমা নির্ধারণ করতে হবে। পরিশিষ্টে বর্ণিত পরিচালন ব্যয়ের সর্বোচ্চ ৭০% ঋণ হিসেবে দেয়া যাবে। কোন উদ্যোক্তার ঋণাংক নির্ধারণের ক্ষেত্রে পরিশিষ্টে বর্ণিত প্রাক্কলনকে একক ধরে প্রকল্পের আকার অনুপাতে ঋণাংক নির্ধারণ করতে হবে।

(৬) ঋণ মঞ্জুরী ক্ষমতাঃ
(১) শাখা ব্যবস্থাপক (সকল গ্রেড) ১.৫০ লক্ষ টাকা পর্যন্ত।
(২) জোনাল ব্যবস্থাপক ৩.০০ লক্ষ টাকা পর্যন্ত।

(৭) ঋণ মূল্যায়ন ক্ষমতাঃ
(১) পরিদর্শক-২.০০ লক্ষ টাকা পর্যন্ত।
(২) কর্মকর্তা- আবেদন অংক নির্বিশেষে।

(৮) ঋণের জামানত ও দলিলপত্রঃ
নার্সারীতে উৎপাদিত চারা ব্যাংকে হাইপোথিকেশন থাকবে এবং মঞ্জুরীকৃত ঋণসীমার জন্য সহায়ক জামানত গ্রহণ করতে হবে। চারা লাগানোর জায়গার জন্য (ইজারা প্রাপ্ত হলে) নন-জুডিশিয়াল স্ট্যাম্পের (নির্ধারিত মূল্য মানের) উপর লীজ চুক্তিনামা থাকতে হবে। ইজারার মেয়াদ ন্যূনতম ৫(পাঁচ) বছর হতে হবে। মাদার প্ল্যান্টের জমি উদ্যোক্তার নিজ মালিকানাধীন হতে হবে এবং ব্যাংকের নিকট বন্ধক রাখতে হবে।

(৯) **সুদের হার:**
বার্ষিক শতকরা ১২% এ সুদারোপ করা হবে। তবে সময়ে সময়ে পরিবর্তিত সুদ হার প্রযোজ্য হবে।

(১০) **ঋণের সমন্বয়চক্র :**
ছয় মাসের সমন্বয় চক্রে বছরে ২ বার সমন্বয় করতে হবে এবং ত্রৈমাসিক ভিত্তিতে সুদারোপ ও সুদ আদায় করতে হবে।

(১১) **ঋণ বিতরণ:**
উদ্যোক্তা শাখায় চলতি মুলধন ঋণ হিসাবের মাধ্যমে মঞ্জুরী সীমার মধ্যে পরিচালন ব্যয় বাবদ ঋণ উত্তোলণ করতে পারবে এবং সমন্বয়চক্র অনুযায়ী ঋণের টাকা জমা/ সমন্বয় করতে পারবে।

(১২) **দলিলায়ন:**
(ক) সহায়ক জামানতের জন্য বন্ধকী দলিল সম্পাদন করতে হবে।
(খ) ডি, পি, নোট নিতে হবে।
(গ) লেটার অব কনটিনিউয়িটি (এল,এফ-৬০(ই)) নিতে হবে।
(ঘ) তফশীলভূক্ত বন্ধকী জমি নিলামে বিক্রয়ের ক্ষমতা অর্পন পত্র উদ্যোক্তার নিকট হতে ১৫০/- টাকা নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে গ্রহণ করতে হবে।
(ঙ) নির্ধারিত ষ্ট্যাম্পের উপর এগ্রিমেন্ট ফর ক্যাশ ক্রেডিট এল,এফ-৬০(ডি) সম্পাদন করতে হবে।
(চ) নির্ধারিত ষ্ট্যাম্পে হলফনামা (এল,এফ-৯জ) গ্রহণ করতে হবে।
(ছ) রিভাইভাল লেটার (এল,এফ-৬০(জি)) গ্রহণ করতে হবে।
(জ) চলতি মুলধন ঋণের যাবতীয় শর্তাবলী এ ক্ষেত্রে প্রযোজ্য হবে।

(খ) ক্রেডিট নর্ম :

ক্রঃ নং	হাইব্রীড নার্সারীর ধরণ	আয়তন	মোট ব্যয়	অর্থায়ন পরিকল্পনা	
				ব্যাংক ঋণ (৭০%)	উদ্যোক্তার বিনিয়োগ (৩০%)
ক.	উন্নত প্রজাতির আম	১০ শতাংশ	২,১৮,৪০০	১,৫২,৮০০	৬৫,৬০০
খ.	উন্নত প্রজাতির কুল	৩৩ শতাংশ	৮০,০০০	৫৬,০০০	২৪,০০০

তবে সর্বোচ্চ ১ একর জমিতে হাইব্রীড নার্সারী স্থাপনের জন্য এই ঋণ নীতিমালা প্রযোজ্য হবে।

দেশের উত্তরাঞ্চলে হাইব্রীড আম ও কুল চাষ সম্প্রসারণের লক্ষ্যে এই নীতিমালা অনুযায়ী ঋণ বিতরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হলো। এতদবিষয়ে কোন ব্যাখ্যার প্রয়োজন হলে অত্র বিভাগের সাথে সরাসরি যোগাযোগ করা যেতে পারে।

(মোঃ হাবিবুর রহমান)
উপ-মহাব্যবস্থাপক

(মোঃ আবু হানিফ খান)
মহাব্যবস্থাপক

সূত্র নং- প্রকা/ঋওঅ-১/২৬৫/২০০৮-২০০৯/৬৪(৪৫০) তারিখ ঃ ঐ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হল ঃ

০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী ।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের কার্যালয়, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/ সচিব / বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রংপুর।
০৭। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
০৮। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা শাখা, ঢাকা / স্থানীয় মূখ্য কার্যালয়, রাজশাহী।
০৯। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনষ্টিটিউট, রাজশাহী।
১০। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১১। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১২। অফিস নথি / মহানথি

(মোঃ শামছুল আলম)
সহকারী মহাব্যবস্থাপক

পরিশিষ্ট-"ক"

১০ শতাংশ জায়গায় নার্সারীতে হাইব্রীড আমের চারা উৎপাদনের প্রাক্কলিত ব্যয়।

ক্রঃ নং	খরচের খাত	পরিমান	একক মূল্য	মোট
	মুলধনী ব্যয় ঃ			
০১।	মাদার প্ল্যান্ট (বীজ গাছ)	৩৫টি	৫০০/-	১৭,৫০০/-
০২।	অগভীর নলকুপ (সেচ বাবদ)	১টি	--	৪০,০০০/-
			সমষ্টি =	৫৭,৫০০/-
	পরিচালন ব্যয় ঃ			
০১।	মাটি প্রস্তুত	১০ শতাংশ	৩০০/- (প্রতি শতাংশ)	৩,০০০/-
০২।	মাটি ক্রয়	৩৪৪০০টির জন্য	০.২৫	৮,৬০০/-
০৩।	আটি রোপন বাবদ মজুরী	১০ শতাংশ	২৫০/- (প্রতি শতাংশ)	২,৫০০/-
০৪।	গ্রাফটিং বাবদ পলিথিন মূল্য	৩৪৪০০টি	০.২৫	৮,৬০০/-
০৫।	গ্রাফটিং বাবদ মজুরী	৩৪৪০০টির জন্য	১.০০	৩৪,৪০০/-
০৬।	চারা পরিচর্যা বাবদ মজুরী	১০ শতাংশ	১৫০০/- (প্রতি শতাংশ)	১৫,০০০/-
০৭।	সারঃ			
	(ক) রাসায়নিক, টিএসপি ও ইউরিয়া সার	(৩+১) ব্যাগ		২,৬০০/-
	(খ) জৈব সার			১,৭৫০/-
০৮।	কীটনাশক	১০ শতাংশ	১৭৫/- (প্রতি শতাংশ)	১,৭৫০/-
০৯।	সেচ বাবদ	১০ শতাংশ	১০০/- (প্রতি শতাংশ)	১,০০০/-
১০।	চারার মূল কাটা	৩৪৪০০টি	১.০০	৩৪,৪০০/-
১১।	চারা উত্তোলন	৩৪৪০০টি	২.০০	৬৮,৮০০/-
			উপ-সমষ্টি =	১,৮২,৪০০/-
১২।	কর্মীর বেতন ভাতা (বছরে)	১ জন	৩০০০/- (মাসিক)	৩৬,০০০/-
			উপ-সমষ্টি =	৩৬,০০০/-
			সর্বসমষ্টি =	২,১৮,৪০০/-

ব্যাংক ঋণ ৭০% = ১,৫২,৮০০/- টাকা

অনুমিতিঃ

(ক) ১০ শতাংশ জমিতে ৩৪৪০০টি চারা উৎপাদন করা যাবে।

(খ) মুলধনী ব্যয় উদ্যোক্তা বহন করবে।

পরিশিষ্ট-"খ"

এক বিঘা (০.৩৩ একর) জমিতে উন্নত জাতের কুলের চারা উৎপাদন খরচ।

ক্রঃ নং	বিবরণ	সংখ্যা	প্রতিটির জন্য খরচ	মোট খরচ
০১।	জমি লিজ	--	--	১০,০০০/-
০২।	জমি চাষ	--	--	১,০০০/-
০৩।	দেশী বীজের চারা ক্রয়	১০০০০টি	১.৫০	১৫,০০০/-
০৪।	মাটি প্রস্তুত	৮০০০টির জন্য	১.৫০	১২,০০০/-
০৫।	সার ও সেচ	--	--	৮,০০০/-
০৬।	নিড়ানো মজুরী	--	--	৭,০০০/-
০৭।	বাঁশের গোজা লাগানো	৮০০০টি	১.৮৮	১৫,০০০/-
০৮।	হাপর ও চারা উঠানো	৮০০০টি	১.৫০	১২,০০০/-
	সর্বমোটঃ			৮০,০০০/-
	ব্যাংক ঋণ ৭০%			৫৬,০০০/-

অনুমিতিঃ

(১)	চারা উৎপাদন সময়কাল	বৈশাখ হতে জ্যৈষ্ঠ (বাংলা) ১৪ এপ্রিল হতে ১৪ জুন (ইং)
(২)	চারা বিক্রয়- (পরবর্তী বৎসর)	শ্রাবণ হতে আশ্বিন (বাংলা) ১৫ জুলাই হতে ১৫ অক্টোবর (ইং)
(৩)	মেয়াদকাল	০১ (এক) বৎসর।